গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজশাহী
(এনজিও বিষয়ক শাখা)
www.rajshahi.gov.bd

## জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার এপ্রিল/২৬ মাসের কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | কাজী শহিদুল ইসলাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৭/০৪/২০২৬ খ্রি. |
| সভার সময় | বেলা ১১: ৩০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-"ক" তে প্রদান |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার আলোচ্য সূচি অনুযায়ী কার্যপত্রের উপর আলোচনা করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) কে অনুরোধ করা হয়।

| | | |
|---|---|---|
| **আলোচ্য সূচি** | (১) | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভায় গত ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। |
| **সিদ্ধান্ত** | : | বিগত সভার কার্যবিবরণী তে কোন সংশোধনী /আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| **আলোচ্য সূচি** | ২) | ১) উপজেলা পর্যায়ে সভা আয়োজন : অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) মহোদয় সভায় জানান যে, এপ্রিল/২৬ মাসে পবা, মোহনপুর, গোদাগাড়ী, পুঠিয়া, বাঘা ও দুর্গাপুর উপজেলায় এনজিও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং বাগমারা, তানোর ও চারঘাট উপজেলায় সভা হয়নি মর্মে টেলিফোনে জানা গেছে। |
| **সিদ্ধান্ত** | : | ১) উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এনজিও বিষয়ক সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| **আলোচ্য সূচি** | ৩) | ১) গৃহীত সিদ্ধান্ত সমূহের পর্যালোচনা: গত সভার সিদ্ধান্ত অনুযায়ী 'এসকেএস ফাউন্ডেশন' এবং 'রুরাল রিকন্সট্রাকশন ফাউন্ডেশন (আর.আর.এফ)' এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন প্রদান করায় তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>২) এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক সনদ প্রাপ্ত একটি এনজিও এবং মাইক্রোক্রেডিট সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে এমন একটি এনজিও প্রতিমাসে তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন দেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। |
| **সিদ্ধান্ত** | : | মে/২৬ মাসে 'বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট)' এবং 'ডেভেলপমেন্ট অব ইন্টিগ্রেটেড ফর সোশ্যাল এ্যাসোসিয়েশন-দিশা' এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন প্রদান করবেন। |
| **আলোচ্য সূচি** | ৪) | মাসিক প্রতিবেদন নিয়ে আলোচনা : জেলা এনজিও ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত ৫৯ টি এনজিও'র মধ্যে ৪১ টি এনজিও মাসিক প্রতিবেদন দাখিল করেছেন এবং ১৮ টি এনজিও প্রতিবেদন দাখিল করেননি। |
| **সিদ্ধান্ত** | : | প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সকল এনজিও প্রতিনিধিকে জেলা ওয়েব পোর্টালে মাসিক প্রতিবেদন দাখিলের জন্য এবং একই সাথে প্রতিটি প্রতিষ্ঠানকে সভায় যথাযথভাবে উপস্থিত থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| **আলোচ্য সূচি** | ৫) | এনজিও সমূহের কার্যক্রম পর্যালোচনা : এনজিও সমূহের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় । |

| ক্র:নং | এনজিওর নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজির গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ০১ | **এডাব:** এনজিও কার্যক্রমের সমন্বয়, অ্যাডভোকেসি ও ক্যাম্পেইন, অধিকার বিষয়ে প্রচারণা, সদস্য সংগঠনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম চলমান। | অ্যাডভোকেসি ও ক্যাম্পেইন, অধিকার বিষয়ে প্রচারণা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,২,৫,১০,১১,১৩,১৪ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০২ | **কারিতাস বাংলাদেশ :** সংস্থাটির শিক্ষা, যুব ও শিক্ষক গঠন ও প্রশিক্ষণ, বীমা সুবিধা প্রদান, প্রজনন ও শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব প্রশিক্ষণ, দম্পতি প্রশিক্ষণ, সাধারণ চিকিৎসা, সার্জিক্যাল সু, আইজিএ সহায়তা, কম্পিউটার প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন, শিক্ষা উপকরণ সহায়তা, ঠোঁট কাটা, তালু কাটা চিকিৎসা, কৃত্রিম অঙ্গ সংযোজন, খাদ্য নিরাপত্তা, ছাগল বিতরণ, শাক-সবজি চাষ ও ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান। | কম্পিউটার প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন, শিক্ষা উপকরণ সহায়তা, ঠোঁট কাটা, তালু কাটা চিকিৎসা, কৃত্রিম অঙ্গ সংযোজন, খাদ্য নিরাপত্তা, ছাগল বিতরণ, শাক-সবজি চাষ ও ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,২,৩,৪,৫, ৬ ও ৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৩ | **আশ্রয়:** সংস্থাটির অকৃষিখাতে উন্নয়নের জন্য ঋণ সহায়তা প্রদান, টেকসই ও নবায়নযোগ্য বাজার ব্যবস্থাপনা, গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ইলেক্ট্রিক্যাল হাউজ ওয়ারিং, কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে কার্যক্রম চলমান। | ইলেক্ট্রিক্যাল হাউজ ওয়ারিং, কম্পিউটার প্রশিক্ষণ, টেকসই ও নবায়নযোগ্য বাজার ব্যবস্থাপনা, গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা কার্যক্রমকে চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,২,৩,৪,৫, ৮,১৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৪ | **বুলফাও :** সংস্থাটি ভূমিহীনদের ভূমিস্বত্ব, সরকারি পরিষেবা প্রাপ্তিতে সহায়তা করা, পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ প্রতিরোধ করা, সম্পদের অধিকার নিশ্চিত করে নারীর ক্ষমতায়ন, যৌথ চাষাবাদ ও জৈব পারিবারিক প্রকল্প নিয়ে কার্যক্রম চলমান। | সরকারি পরিষেবা প্রাপ্তিতে সহায়তা করা, বাল্য বিবাহ প্রতিরোধ করা, ভূমিহীনদের ভূমিস্বত্ব সম্পদের অধিকার নিশ্চিত করে নারীর ক্ষমতায়ন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ২ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৫ | **সচেতন সোসাইটি :** সংস্থাটির প্রমোটিং পিস এন্ড জাস্টিস বাংলাদেশ কাউন্টার ট্রাফিকিং ইন পারসন, আদিবাসী কিশোর-কিশোরী ও যুব উন্নয়ন প্রকল্প, আরবান ম্যানেজমেন্ট অব ইন্টারনাল মাইগ্রেশন ভিউ টু ক্লাইমেট চেঞ্জ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান। | প্রমোটিং পিস এন্ড জাস্টিস বাংলাদেশ কাউন্টার ট্রাফিকিং ইন পারসন, আরবান ম্যানেজমেন্ট অব ইন্টারনাল মাইগ্রেশন ভিউ টু ক্লাইমেট চেঞ্জ কার্যক্রম চলামান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৫৮,১৩ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৬ | **আশা:** সংস্থাটির ক্ষুদ্রঋণ, সঞ্চয়, শিক্ষা ও স্বাস্থ্য সেবা সচেতনতা, শিক্ষা বৃত্তি, রেমিটেন্স, উচ্চ শিক্ষা বৃত্তি, কৃষিভিত্তিক ঋণ কার্যক্রম চলমান। | ক্ষুদ্রঋণ, সঞ্চয়, শিক্ষা বৃত্তি, শিক্ষা ও স্বাস্থ্য সেবা সচেতনতা, রেমিটেন্স, উচ্চ শিক্ষা বৃত্তি কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৫,৬, ৮ ও ৯ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৭ | **সোসাইটি ফর এ্যাকশন এন্ড ডেভেলপমেন্ট (সার্ড)** : সংস্থাটির জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম ও সচেতনতার জন্য সেমিনার আয়োজন কার্যক্রম চলমান। | সচেতনতার জন্য সেমিনার আয়োজন, সঞ্চয়, ঋণ বিতরণ, জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়ন সচেতনতা মূলক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৮ | **সিসিডিবি:** সংস্থাটির জনগণের সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা, উন্নত পুষ্টিমান অর্জন, জেন্ডর সমতা অর্জন এবং সকল নারীর ক্ষমতায়ন কার্যক্রম চলমান। | দারিদ্র্য বিমোচন কর্মসূচি, ক্ষুধার অবসান, জনগণের সমন্বিত খাদ্য নিরাপত্তা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৯ | **বাংলাদেশ পরিবার পরিকল্পনা (এফপিএবি):** সংস্থাটির সুবিধাবঞ্চিত নারী ও শিশুদের প্রাথমিক স্বাস্থ্য সেবা, যৌন ও প্রজনন বিষয়ক স্বাস্থ্যসেবা প্রদান, অ্যাডভোকেসি, সেবাদানকারীর ক্ষমতায়ন, কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য, শিক্ষা অধিকার ও ছোট পরিবার গঠনে সহায়তা কার্যক্রম চলমান। | সুবিধাবঞ্চিত নারী ও শিশুদের প্রাথমিক স্বাস্থ্য সেবা, সেবাদানকারীর ক্ষমতায়ন, যৌন ও প্রজনন বিষয়ক স্বাস্থ্যসেবা প্রদান, অ্যাডভোকেসি কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ৩,৪,৫,১০ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ | **এ্যাসোসিয়েশন ফর কম্যুনিটি ডেভেলপমেন্ট (এসিডি):** সংস্থাটির বাংলাদেশ তথ্য অধিকারে নারীদের অগ্রগতি, যুব ফোরামের সমন্বয় সভা, যুব দিবস সম্পর্কে এলাকাবাসীর মধ্যে প্রচারণা অভিযান, এলাকাবাসীর মধ্যে মতবিনিময় সভা, শিশু গ্রুপ গঠন, কিশোর প্রশিক্ষণ, শিশু এবং ভিকটিমদের সেবা, উদ্ধার, পুনর্বাসন, স্বাস্থ্য সেবা, সামাজিক সহায়তা, আইনি সচেতনতা, আইনি সহায়তা, শিক্ষা বিনোদন, সারভাইবার সনাক্তকরণ, আশ্রয় প্রদান, খাদ্য সহায়তা, পোষাক প্রদান, কারাতে প্রশিক্ষণ, কারিগরি প্রশিক্ষণ, কিশোর-কিশোরী ক্ষমতায়ণ কার্যক্রম চলমান। | সামাজিক সহায়তা, আইনি সচেতনতা, আইনি সহায়তা, শিক্ষা বিনোদন, শিশু গ্রুপ গঠন, কিশোর প্রশিক্ষণ, পোষাক প্রদান, স্বাস্থ্য সেবা, শিশুর প্রতি যৌন নির্যাতন প্রতিরোধে পুরুষদের সাথে সভা, কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৩,৪,৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১১ | **ইউসেপ বাংলাদেশ:** সংস্থাটির কারিগরি শিক্ষা কর্মসূচি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী উন্নয়ন, সামাজিক অন্তর্ভুক্তিমূলক ও বৃত্তিমূলক প্রশিক্ষণ, শোভন কর্মসংস্থান, উদ্যোক্তা উন্নয়ন, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি এবং নারী ও শিশু অধিকার সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম চলমান। | উদ্যোক্তা উন্নয়ন, সামাজিক অন্তর্ভুক্তিমূলক ও বৃত্তিমূলক প্রশিক্ষণ শোভন বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি এবং নারী ও শিশু অধিকার, কমিউনিটি সেবা, অভিভাবক সভা, কারিগরি শিক্ষা কর্মসূচি, কর্মসংস্থান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী উন্নয়ন কর্মসংস্থান চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫, ৮,১০ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১২ | **বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট):** সংস্থাটির ওপিজেপি প্রকল্পের আওতায় মামলা, সালিশ নিষ্পত্তি, আইনি পরামর্শ, রেফারাল কার্যক্রম চলমান। | ওপিজেপি প্রকল্পের আওতায় মামলা, সালিশ নিষ্পত্তি, আইনি পরামর্শ এবং রেফারাল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৫ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৩ | **ব্র্যাক রাজশাহী:** সংস্থাটির শিক্ষা, কিশোর-কিশোরী ক্লাব, গর্ভবতী মেয়েদের পরিচর্যা, শিশুদের পুষ্টিকণা, চক্ষুক্যাম্প, মানবাধিকার আইন, আদালতে মামলা, আইজিএ প্রশিক্ষণ, সম্পদ হস্তান্তর, সামাজিক ক্ষমতায়ন, ওয়াটার স্যানিটেশন, হাইজিন, ফ্রি ল্যাট্রিন স্থাপন, ক্ষুদ্রঋণ কার্যক্রম, শিক্ষা উপকরণ প্রদান, রোগী সনাক্ত ও চিকিৎসা, গাছের চারা বিতরণ, চোখের ছানি অপারেশন, অভিযোগ গ্রহণ, ঋণ বিতরণ, জলবায়ু পরিবর্তন, মানবিক সহায়তা কর্মসূচি বিষয়ক কার্যক্রম চলমান। | হাইজিন, ফ্রি ল্যাট্রিন স্থাপন, ক্ষুদ্রঋণ কার্যক্রম, শিক্ষা উপকরণ প্রদান, রোগী সনাক্ত ও চিকিৎসা,শিশুদের পুষ্টিকণা, চক্ষুক্যাম্প, মানবাধিকার আইন, আদালতে মামলা, আইজিএ প্রশিক্ষণ, ওয়াটার স্যানিটেশন, গাছের চারা বিতরণ, চোখের ছানি অপারেশন, অভিযোগ গ্রহণ, ঋণ বিতরণ, জলবায়ু পরিবর্তন কার্যক্রমকে আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫, ৬,৮,১০,১১ ,১৩,১৬ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৪ | **ডাসকো ফাউন্ডেশন** : সংস্থাটির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মাধ্যমে সভা, সরকারি বেসরকারি উভয় স্বাস্থ্য কেন্দ্রের জন্য রেফারাল লজিস্টিক সরবরাহের জন্য সহায়তা করা, গর্ভবতী মেয়েদের তথ্যসমূহ হালনাগাদ করা, সরকারি কর্তৃপক্ষের সাথে উন্মুক্ত আলোচনা করা, কিশোর-কিশোরীদের নিয়ে পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক স্কুল সেশন করা, খাবার পানির জন্য সাবমারসিবল পাম্প স্থাপন করা, আমচাষি কৃষক দল গঠন, জেলা ও উপজেলা পর্যায়ে নাগরিক সমাজ সংগঠন, স্কুল ছাত্র/ছাত্রীদের সাথে মানবাধিকার সভা, নাট্য দল গঠন ও প্রদর্শন সংক্রান্ত কার্যক্রম চলমান। | বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক স্কুল সেশন করা, খাবার পানির জন্য সাবমারসিবল পাম্প স্থাপন করা, আমচাষি কৃষক দল গঠন জেলা ও উপজেলা পর্যায়ে নাগরিক সমাজ সংগঠন, স্কুল ছাত্র/ছাত্রীদের সাথে মানবাধিকার সভা কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,৩,৪,৫,১ ০ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৫ | **বুরো বাংলাদেশ:** সংস্থাটির ঋণ বিতরণ, সঞ্চয় জমা, রেমিটেন্স প্রদান ও স্যানিটেশন সংক্রান্ত প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম চলমান। | রেমিটেন্স প্রদান ও স্যানিটেশন, ঋণ বিতরণ, সঞ্চয় জমা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ১,২,৩,৫ ও ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৬ | **জাগরণী চক্র ফাউন্ডেশন** : সংস্থাটির ক্ষুদ্রঋণ বিতরণ, শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান, গরিব দু:স্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ, স্বাস্থ্য সহায়তা নিয়ে কার্যক্রম চলমান। | স্বাস্থ্য সহায়তা, ক্ষুদ্রঋণ বিতরণ, শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭ | **ফাইন্ডেশন ফর ওমেন এন্ড চাইল্ড এ্যাসিসটেন্স (এফডব্লিউসিএ):** সংস্থাটির রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী, বহুমাত্রিক প্রতিবন্ধী ও অটিষ্টিক শিশুদের শিক্ষা ও উন্নয়নের জন্য বিশেষ শিক্ষা, থেরাপিউটিক সেবাসহ উপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে সামাজিক পুনর্বাসন,কর্মসূচি কার্যক্রম চলমান। | বহুমাত্রিক প্রতিবন্ধী ও অটিষ্টিক শিশুদের শিক্ষা ও উন্নয়নের জন্য বিশেষ শিক্ষা, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধীদের নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৮ | **ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ :** সংস্থাটির প্রাক-প্রাথমিক শিক্ষা অতিদরিদ্রদের পরিবার উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তা বলয়, বাজার উন্নয়ন ও বিপণন, বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু নিরাপত্তা, কৃষি উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা গৃহায়ন ও দুর্যোগ, স্পন্সরশীপ ও দক্ষতাবৃদ্ধিমূলক কার্যক্রম চলমান। | সামাজিক নিরাপত্তা বলয়, বাজার উন্নয়ন ও বিপণন, বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু নিরাপত্তা, কৃষি উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা গৃহায়ন ও দুর্যোগ দক্ষতাবৃদ্ধিমূলক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৯ | **উদ্দীপন :** সংস্থাটির প্রাথমিক স্বাস্থ্য সেবা পরামর্শ, গর্ভবর্তী মায়ের চেকআপ, শিক্ষাবৃত্তি প্রদান, গ্রাহক কল্যাণ সহায়তা, বিনামূল্যে ওষুধ বিতরণ, ক্ষুদ্রঋণ বিষয়ক কর্মসূচি চলমান। | বিনামূল্যে ঔষুধ বিতরণ, ক্ষুদ্রঋণ বিষয়ক কর্মসূচি, প্রাথমিক স্বাস্থ্য সেবা পরামর্শ, গর্ভবর্তী মায়ের চেকআপ, গ্রাহক কল্যাণ সহায়তা চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২০ | **স্বেচ্ছাসেবী বহুমুখী মহিলা সমাজকল্যাণ সমিতি:** সংস্থাটির ভাতাভোগীদের খাদ্য, পুষ্টি, সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণ, জন্ম নিবন্ধন বিষয়ে এবং স্বাস্থ্য সেবা কেন্দ্র হতে মা ও শিশু সেবা প্রাপ্তির ক্ষেত্রে মহিলাদের অবহিতকরণ, স্থানীয় প্রশাসনের সাথে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন, সিএমসি কমিটি সভা করা, শিখন কেন্দ্র স্থাপন করা, শিক্ষার্থীদের পাঠদান সংক্রান্ত কার্যক্রম চলমান। | সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণ, পুষ্টি, জন্ম নিবন্ধন বিষয়ে এবং স্বাস্থ্য সেবা কেন্দ্র হতে মা ও শিশু সেবা প্রাপ্তির ক্ষেত্রে মহিলাদের অবহিতকরণ, স্থানীয় প্রশাসনের সাথে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪,৫,৮ ও ৯ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২১ | **রজনীগন্ধা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থা:** করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ খাদ্য ও নগদ অর্থ বিতরণ, শিক্ষা, চিকিৎসা, আয়বৃদ্ধি প্রশিক্ষণ, শিক্ষা সহায়তা, আইনের সহযোগীতা নিয়ে কার্যক্রম চলমান। | শিক্ষা সহায়তা, শিক্ষা, চিকিৎসা, আয়বৃদ্ধি প্রশিক্ষণ, প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ খাদ্য ও নগদ অর্থ বিতরণ নিয়ে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫,৮ ,১০,১৬,১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২২ | **নবকলি ক্রাফট সেন্টার :** সংস্থাটির দু:স্থ অবহেলিত ঝরে পড়া মূলধারার গরিব ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠির হস্তশিল্প ও বিউটি পার্লার প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থীদের থাকা, খাওয়া, তেল, সাবান, চিকিৎসা ও সেলাই মেশিন ও সেলাই মেশিন উপকরণ প্রদান নিয়ে কার্যক্রম চলমান। | ক্ষুদ্র নৃ-গোষ্ঠির হস্তশিল্প ও বিউটি পার্লার প্রশিক্ষণ, দু:স্থ অবহেলিত ঝরে পড়া মূলধারার গরিব প্রশিক্ষণার্থীদের থাকা, খাওয়া, তেল, সাবান, চিকিৎসা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ১,২,৩,৮ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৩ | **সচেতন নাগরিক কমিটি (সনাক):** সংস্থাটির সনাক ইয়েস ও এসিজি সদস্যদের নিয়ে মাসিক সভা শিক্ষা স্বাস্থ্য ও ভূমি কর্তৃপক্ষের সভা, কমিউনিটি মনিটরিং কার্যক্রম এবং কমিউনিটি এ্যাকশন সভা আয়োজন সহ তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রচারণা, দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন সংক্রান্ত কার্যক্রম চলমান। | দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন সংক্রান্ত, কমিউনিটি মনিটরিং কার্যক্রম এবং কমিউনিটি এ্যাকশন সভা আয়োজন সহ তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রচারণা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | ৩,৪,৫,১৩ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৪ | **ওয়েভ ফাউন্ডেশন :** সংস্থাটির পিছিয়ে পড়া জনগোষ্ঠী (দলিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিবন্ধী ও হিজড়া) জনগোষ্ঠীর ক্ষমতায়নের জন্য স্থানীয় সিএসও এবং সিবিওদের মানবাধিকার, সুশাসন, নারীর ক্ষমতায়ন এবং এ্যাডভোকেসী পরিচালনার জন্য প্রশিক্ষণ এবং সরকারি প্রতিষ্ঠান সমুহ হতে প্রদত্ত সেবা সমূহতে অভিগম্যতা, উঠান বৈঠক, ইউনিয়ন পরিষদ ডায়ালগ, ক্যাম্পেইন পথ নাটক প্রদর্শন, এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিচালনা কার্যক্রম চলমান। | পিছিয়ে পড়া জনগোষ্ঠী (দলিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিবন্ধী ও হিজড়া) জনগোষ্ঠীর ক্ষমতায়নের জন্য স্থানীয় সিএসও এবং সিবিওদের মানবাধিকার, সুশাসন, নারীর ক্ষমতায়ন এবং এ্যাডভোকেসী পরিচালনার জন্য প্রশিক্ষণ এবং সরকারি প্রতিষ্ঠান সমুহ হতে প্রদত্ত সেবা সমূহতে অভিগম্যতা, উঠান বৈঠক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ১ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৫ | **ইকো-সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও):** সংস্থাটি উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার মাধ্যমে বিদ্যালয় বহির্ভূত ঝরেপড়া শিশুদেরকে প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য সুযোগ করে দেওয়া এবং শিক্ষার মূলধারায় নিয়ে আসা, প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে সহায়তা প্রদান, জলবায়ু পরিবর্তন, কর্মসংস্থান, বয়:সন্ধিকালীন শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা, সমাজে বিদ্যমান বৈষম্য দূরীকরণ, রাজশাহী জেলার ০৯ টি উপজেলায় ৭২ টি ইউনিয়নে গ্রাম আদালত পরিচালিত হচ্ছে। গ্রাম আদালত আইন, স্থানীয়ভাবে কতিপয় ফৌজদারি ও দেওয়ানী মামলা বিরোধের সহজ ও দ্রুত নিষ্পত্তির জন্য ইউনিয়ন পরিষদে গ্রাম আদলত নিয়ে কার্যক্রম চলমান। | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার মাধ্যমে বিদ্যালয় বহির্ভূত ঝরেপড়া শিশুদেরকে প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য সুযোগ করে দেওয়া এবং শিক্ষার মূলধারায় নিয়ে আসা, প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে সহায়তা প্রদান, জলবায়ু পরিবর্তন, কর্মসংস্থান, বয়:সন্ধিকালীন শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,২,৪,৫,৮, ৯,১২,১৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৬ | **আসক্ত পুর্নবাসন সংস্থা (আপস):** সংস্থাটি মাদকাসক্তদের চিকিৎসা, ফ্যামিলি মিটিং, উদ্দিষ্ট জনগোষ্ঠীর মধ্যে এইচ আইভি পরীক্ষা, শিক্ষা উপকরণ বিতরণ, দলীয় স্বাস্থ্য শিক্ষা, ত্রাণ বিতরণ, বিবাহ সংক্রান্ত সাহায্য, মৃতের সৎকার ও সাধারণ স্বাস্থ্য সেবা নিয়ে কার্যক্রম চলমান। | মাদকাসক্তদের চিকিৎসা, ফ্যামিলি মিটিং, শিক্ষা উপকরণ বিতরণ, উদ্দিষ্ট জনগোষ্ঠীর মধ্যে এইচ আইভি পরীক্ষা নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৩% | ১,২,৩,৪,৫, ৬ ও ৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৭ | **নুর মিশন লুথারেন গার্লস হোস্টেল:** সংস্থাটির লুথানের গার্লস হোস্টেল পরিচালনা, এডুকেশন এ্যাসিসটেন্স প্রোগ্রাম, কলেজ, বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান বিষয়ক কার্যক্রম চলমান। | এডুকেশন এ্যাসিসটেন্স প্রোগ্রাম, লুথানের গার্লস হোস্টেল কলেজ, বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান বিষয়ক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৮ | **নিকুঞ্জ বস্তি উন্নয়ন সংস্থা (নিবুস):** সংস্থাটির শিক্ষা ও স্বাস্থ্য কর্মসূচি নিয়ে কার্যক্রম চলমান | শিক্ষা ও স্বাস্থ্য কর্মসূচি নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯২% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৯ | **কল্পনা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থা :** সংস্থাটির প্রতিবন্ধী মানুষের জীবনমান উন্নয়নে বিভিন্ন সহায়তা, উন্নত সেলাই প্রশিক্ষণ, স্বাস্থ্য নিরাপত্তা ও অধিকার, হুইল চেয়ার দল গঠন করে ক্রীড়া বিষয়ক দল গঠন, সাংস্কৃতিক নানা কর্মসূচি, জীববৈচিত্র্য উন্নয়ন নিয়ে বিভিন্ন কার্যক্রম চলমান। | জীবনমান উন্নয়নে বিভিন্ন সহায়তা, উন্নত সেলাই প্রশিক্ষণ, স্বাস্থ্য নিরাপত্তা ও অধিকার, হুইল চেয়ার দল গঠন করে ক্রীড়া বিষয়ক দল গঠন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪,৮,১০,১১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩০ | **সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অব ভলান্টারী অর্গানাইজেশন (সিসিবিভিও):** সংস্থাটির ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সুরক্ষা গোলা, খাদ্য নিরাপত্তা, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন, জনগণের আইনি অধিকার সচেতনতা ও সহায়তা, নাগরিক তথ্য অধিকার আন্দোলন কার্যক্রম চলমান। | খাদ্য নিরাপত্তা, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন, জনগণের আইনি অধিকার সচেতনতা ও সহায়তা, নাগরিক তথ্য অধিকার কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৩,৪,৫, ৬,১০,১২, ১৩, ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |


| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩১ | **মিশনারীজ অব চ্যারিটি:** সংস্থাটির প্রাথমিক স্বাস্থ্য সেবা, খাদ্য, বিনামূল্যে ওষুধ, চিকিৎসা সেবা, বিবাহ সংক্রান্ত সাহায্য, শুকনা খাবার, কাপড় বিতরণ, প্রাথমিক ও কারিগরি শিক্ষা (দরিদ্র মেয়ে/মহিলা), বিনামূল্যে সেলাই শিক্ষা, ত্রাণ বিতরণ, সেবা নিয়ে কার্যক্রম চলমান। | বিনামূল্যে সেলাই শিক্ষা, ত্রাণ বিতরণ, খাদ্য, শুকনা খাবার, কাপড় বিতরণ, সেবা বিনামূল্যে ওষুধ, চিকিৎসা সেবা, প্রাথমিক স্বাস্থ্য সেবা, বিবাহ সংক্রান্ত সাহায্য কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | ২,৩,৪,৫,১০,১১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩২ | **সিআরপি রাজশাহী** : সংস্থাটির চিকিৎসা সেবা, কৃত্রিম হাত/পা সংযোজন, বৃত্তিমূলক প্রশিক্ষণ, প্রতিবন্ধীদের খেলাধুলা, সংগঠন তৈরী ও ক্ষমতা বৃদ্ধি, সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। | চিকিৎসা সেবা, রোগীর বাড়ি পরিদর্শন, প্রতিবন্ধীদের খেলাধুলা, বৃত্তিমূলক প্রশিক্ষণ, কৃত্রিম হাত/পা সংযোজন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,৩,৪,৫,৮, ১০,১১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৩ | **পদক্ষেপ মানবিক উন্নয়ন সংস্থা :** সংস্থাটির ক্ষুদ্রঋণ, মেধাবী শিক্ষার্থীদের উপ-বৃত্তি প্রদান, বৈদেশিক রেমিটেন্স প্রদান কার্যক্রম চলমান। | ক্ষুদ্রঋণ, মেধাবী শিক্ষার্থীদের উপ-বৃত্তি প্রদান, বৈদেশিক রেমিটেন্স প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ১,২,৩,৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৪ | **এস কে এস ফাউন্ডেশন :** সংস্থাটি ঋণ বিতরণ , গাভী পালন, গাভী মোটাতাজাকরণ, মাছ চাষ, সবজি চাষ এছাড়াও কৃষিখাত সমূহে ঋণ প্রদান কার্যক্রম চলমান। | মাছ চাষ, গাভী পালন, গাভী মোটাতাজাকরণ, কৃষিখাত সমূহে ঋণ প্রদান, খাস পুকুর সংস্কার কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | - | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৫ | **এস ও এস শিশু পল্লী :** সংস্থাটির শিশু অধিকার প্রতিষ্ঠা, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল প্রতিষ্ঠায় সহায়তা করা, বঞ্চিত শিশুদের যত্ন প্রদান, বৈষম্যেরে বিরুদ্ধে লড়াই, যুব-কিশোরদের অধিকতর উন্নত জীবন, দক্ষতা বৃদ্ধি, কমিউনিটি পর্যায়ে হতদরিদ্র পরিবারের শিশুদের শিক্ষা এবং খাবার সহায়তা কারা কার্যক্রম চলমান। | শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল প্রতিষ্ঠায় সহায়তা করা, বঞ্চিত শিশুদের যত্ন প্রদান, বৈষম্যেরে বিরুদ্ধে লড়াই, যুব-কিশোরদের অধিকতর উন্নত জীবন, দক্ষতা বৃদ্ধি কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ১,২,৩,৪,৫ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৬ | **শাপলা গ্রাম উন্নয়ন সংস্থা:সংস্থাটির** Water & Sanitation Shaplart Culture nonformal Sanitation Primary Education & Trianing Shapla LCT মৌচাষ স্বাস্থ্য পুষ্টি, মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদান কার্যক্রম নিয়ে চলমান। | মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদান, আর্থিক সহায়তা, বিভন্ন ট্রেনিং, স্বাস্থ্য পুষ্টি কার্যক্রম নিয়ে চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৩,৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৭ | **ডেভেলপমেন্ট অব ইন্টিগ্রেটেড ফর সোশ্যাল এ্যাসোসিয়েশন –দিশা:** সংস্থাটির শিক্ষা, ক্ষুদ্রঋণ বিতরণ, নারী, শিশু ও প্রতিবন্ধী উন্নয়ন বিষয়ক আইন সহায়তা, বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ বিষয়ে কার্যক্রম চলমান। | ক্ষুদ্রঋণ বিতরণ, নারী, শিশু ও প্রতিবন্ধী উন্নয়ন বিষয়ক আইন সহায়তা, বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫, ৬ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৮ | **বারসিক রাজশাহী রিসোর্স সেন্টার:** সংস্থাটির সংগঠন উন্নয়ন, বীজ ও নিরাপদ কৃষি, করোনা মহামারি প্রাণবৈচিত্র্য সুরক্ষা ও খাদ্য নিরাপত্তা, কৃষকের পণ্যের ন্যায্যমূল্যে বীজ বিনিময়, খাদ্য সহায়তা সভা, সামাজিক গবেষণা, পরিবেশ ও প্রতিবেশী বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম চলমান। | কৃষকের পণ্যের ন্যায্যমূল্যে বীজ বিনিময়, মহামারি প্রাণবৈচিত্র্য সুরক্ষা ও খাদ্য নিরাপত্তা, খাদ্য সহায়তা সভা, সামাজিক গবেষণা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৮৫% | ২,৩,৪,৫,৬, ১৩,১৫,১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৯ | **লেডিস অর্গানাইজেশন সোশ্যাল ফর ওয়লফেয়ার (লফস) :** সংস্থাটির সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, প্রশিক্ষণ কর্মসূচি, মানবিক সহায়তা কর্মসূচি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সচেতনতা কর্মসূচি ও তথ্য প্রকাশ, বাল্য বিবাহ, শিশু শ্রম ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়মুখী কার্যক্রম চলমান। | সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, প্রশিক্ষণ কর্মসূচি, মানবিক সহায়তা কর্মসূচি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সচেতনতা কর্মসূচি ও তথ্য প্রকাশ কর্মসূচি চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪ ও ১১ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪০ | **দিনের আলো হিজড়া সংঘ:** সংস্থাটির হিজড়াদের জীবনমান উন্নয়ন ও কর্মসংস্থান তৈরীর লক্ষ্যে হিজড়াদের ধর্মীয় শিক্ষা, নেতৃত্ব প্রশিক্ষণ ধর্মীয় নেতাদের সাথে আলোচনা সভা নিয়ে কার্যক্রম চলমান। | ন্যায়বিচার ও সমতা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান, কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা, মানবাধিকার, সামাজিক সচেতনতা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ২,৩,৫,৬, ১৩,১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪১ | **বাঁচার আশা সাংস্কৃতিক সংগঠন:** সংস্থাটির গ্রুপ এডুকেশন সভা, বিভিন্ন দিবস, আইনি সহায়তা, স্বাস্থ্য সেবা নিয়ে কার্যক্রম চলমান। | হিজড়া জনগোষ্ঠীর মাঝে খাদ্য সহায়তা, আইনি সহায়তা, বিভিন্ন প্রশিক্ষণ, লিগ্যাল এডুকেশন সেশন, মাদক প্রতিরোধে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ৩,৪,১৬, ০৮, ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪২ | **এগ্রিকালচার এন্ড সাসটেনেবল ডেভেলপমেন্ট (এসেডো):** সংস্থাটির ফাইটিং ফোর্সড লেবার উইথ আদিবাসি ও দলিত কমিউনিটিস ইন সাউথ এশিয়া (মুক্তি) প্রকল্পের আওতায় যুবক-যুবতীদের মাঝে সেলাই মেশিন, রাজমিস্ত্রি ও টাইলস মিস্ত্রিদের সরঞ্জাম বিতরণ নিয়ে কার্যক্রম চলমান রয়েছে। | সংস্থাটির ফাইটিং ফোর্সড লেবার উইথ আদিবাসি ও দলিত কমিউনিটিস ইন সাউথ এশিয়া (মুক্তি) প্রকল্পের আওতায় যুবক-যুবতীদের মাঝে সেলাই মেশিন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | ৯৮% | ১ ও ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৩ | **মানব সেবা অভিযান:** সংস্থাটির সুদমুক্ত শিক্ষাঋণ, ক্ষুদ্রঋণ, দুস্থভাতা, অসহায় মুক্তিযোদ্ধাদের আর্থিক সহায়তা, অসহায় দুস্থ মেয়েদের বিবাহ, যাকাত ফান্ড, বৃদ্ধাশ্রম, দাতব্য চিকিৎসালয়, বিদ্যুৎ সংযোগ নিয়ে কার্যক্রম চলমান। | ক্ষুদ্রঋণ, যাকাত ফান্ড, সুদমুক্ত শিক্ষাঋণ, অসহায় মুক্তিযোদ্ধাদের আর্থিক সহায়তা, চিকিৎসা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৪ | **নবদিগন্ত মহিলা উন্নয়ন সংস্থা : সংস্থাটির** বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু আইনি সহায়তা নিয়ে কার্যক্রম চলমান। | বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু আইনি সহায়তা নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৫ | **ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আইডিএফ):** সংস্থাটির সব ধরণের দারিদ্র্য অবসান, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন, কৃষির প্রসার, সকল বয়সী মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ, মানসম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি, জেন্ডার সমতা, নারী ক্ষমতায়ন, জ্বালানী সহজলভ্য করা, কর্মসংস্থান সৃষ্টি, অন্তর্ভূক্তিমূলক টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, টেকসই শিল্পায়নের প্রবর্ধন ও উদ্ভাবনার প্রসার, আন্তদেশীয় অসমতা কমিয়ে আনা, জনবসতি গড়ে তোলা, জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরী ব্যবস্থা গ্রহণ করা নিয়ে কার্যক্রম চলমান। | নারী ক্ষমতায়ন, সকল বয়সী মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ, জেন্ডার সমতা, মানসম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি, দারিদ্র্য অবসান, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন, কৃষির প্রসার, জ্বালানী সহজলভ্য করা, কর্মসংস্থান সৃষ্টির কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫, ৭,৮,৯,১০,১ ১,১২,১৩ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৬ | **বরেন্দ্র ইকোনোমিক ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (বিডো) :** সংস্থাটির গ্রামীণ ক্ষুদ্র প্রকল্পের আওতায় ক্ষুদ্রঋণ বিতরণ, বাল্য বিবাহ ও বহু বিবাহ এর কুফল, জন্ম নিবন্ধন, স্যানিটেশন, বসত বাড়িতে সবজি চাষ বিষয়ে সচেতনতামূলক আলোচনা নিয়ে কার্যক্রম চলমান। | বাল্য ও বহু বিবাহ এর কুফল, ক্ষুদ্রঋণ বিতরণ এবং সচেতনতামূলক কার্যক্রম, স্যানিটেশন, গ্রামীণ ক্ষুদ্র প্রকল্পের আওতায় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,৫ ও ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৭ | **ডেমিয়েন ফাউন্ডেশন বাংলাদেশ:** সংস্থাটির বিনামূল্যে যক্ষা ও কুষ্ঠ রোগ নির্ণয়, চিকিৎসা সেবা ও সামাজিকভাবে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম চলমান। | বিনামূল্যে যক্ষা ও কুষ্ঠ রোগ নির্ণয়, সামাজিকভাবে সচেতনতা বৃদ্ধি, চিকিৎসা সেবা চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৪ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৮ | **পরিবর্তন:** জাতীয় মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের সহযোগিতায় কার্যক্রম পরিচালিত হচ্ছে। | আইন ও সালিশ কেন্দ্রের সহযোগিতায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ১,৩,৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৯ | **ফ্যামিলি হেলথ ইন্টারন্যাশনাল (এফএইচআই-৩৬০):** সংস্থাটির Meeting Targets and Maintaining Epidemic Control (EpiC) বাংলাদেশ প্রকল্পের আওতায় প্রান্তিক জনগোষ্ঠীসহ জেলা ও জাতীয় পর্যায়ে জরুরি প্রস্তুতি এবং রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনার পাশাপাশি মা, নবজাতক ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম এবং প্রাণীস্বাস্থ্য উন্নয়নের মাধ্যমে জুনোটিক রোগের ঝুঁকি হ্রাসে কমিউনিটি পর্যায়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান কার্যক্রম চলমান। | প্রান্তিক জনগোষ্ঠীসহ জেলা ও জাতীয় পর্যায়ে জরুরি প্রস্তুতি এবং রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি, নবজাতক ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম, প্রাণীস্বাস্থ্য উন্নয়নের মাধ্যমে জুনোটিক রোগের ঝুঁকি হ্রাসে কমিউনিটি পর্যায়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫০ | **বাংলাদেশ পরিবেশ আইনবিধ সমিতি (বেলা):** সংস্থাটির দূষণ নিয়ন্ত্রণ ও প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সুশাসন, সরকারের এ্যাডভোকেসি করা, জনগণকে পরিবেশ বিষয়ে আইনী সহায়তা প্রদান, স্থানীয় জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার সাথে নেটওয়ার্ক স্থাপন, পরিবেশগত ন্যায়বিচার প্রতিষ্ঠা, উন্নয়নের ক্ষেত্রে পরিবেশগত অধিকার এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পরিবেশ সুরক্ষায় আইনী কাঠামো ও প্রতিষ্ঠানগুলোকে আরো শক্তিশালী করণ, তথ্য ও অধিকার নিয়ে কার্যক্রম চলমান রয়েছে। | সরকারের এ্যাডভোকেসি করা, জনগণকে পরিবেশ বিষয়ে আইনী সহায়তা প্রদান, স্থানীয় জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার সাথে নেটওয়ার্ক স্থাপন, পরিবেশগত ন্যায়বিচার প্রতিষ্ঠা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১৩,১৪ ও ১৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫১ | **জাগো ফাউন্ডেশন ট্রাস্ট:** সংস্থাটি প্রি-প্রাইমারি থেকে এস.এস.সি পর্যন্ত শিক্ষার্থীদের গুনগত শিক্ষাদান কার্যক্রম চলমান। | প্রি-প্রাইমারি থেকে এস.এস.সি পর্যন্ত শিক্ষার্থীদের গুনগত শিক্ষাদান কার্যক্রমকে আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫২ | **প্রশিকা মানবিক উন্নয়ন সংস্থা:** সংস্থাটির নারী উন্নয়ন ও ক্ষমতায়ন সামাজিক নবায়ন ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম, মাদকাশক্তি প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ জনসংগঠন বিনির্মাণ, ক্ষুদ্রঋণ বিতরণ, জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ পালন নিয়ে কার্যক্রম চলমান। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম, মাদকাশক্তি প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ জনসংগঠন বিনির্মাণ নারী উন্নয়ন ও ক্ষমতায়ন সামাজিক নবায়ন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯২% | ২,৩,৬,৮,৯ ,১১,১৩ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৩ | **রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক): সংস্থাটির** প্রজনন স্বাস্থ্য সেবাঃ (নরমাল ডেলিভারী ও সিজারিয়ান ডেলিভারী), শিশু স্বাস্থ্য সেবা, সংক্রামক রোগ সমূহের সেবা, সাধারণ রোগ সমূহের চিকিৎসা, জাতীয় টিবি কন্ট্রোল প্রোগ্রাম, স্বল্প মূল্যে প্রয়োজনীয় প্যাথলজি পরীক্ষা করা কার্যক্রম চলমান। | শিশু স্বাস্থ্য সেবা, সংক্রামক রোগ সমূহের সেবা, সাধারণ রোগ সমূহের চিকিৎসা, জাতীয় টিবি কন্ট্রোল প্রোগ্রাম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৪ | **নার্সিং ইনস্টিটিউট খ্রিস্টিয়ান মিশন হাসপাতাল:** সংস্থাটি মিডওয়াইফারি প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম চলমান। | মিডওয়াইফারি প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৫ | **থানাপাড়া শোয়ালোজ ডেভেলপমেন্ট সোসাইটি:** সংস্থাটির ঋণ কার্যক্রম, হস্তশিল্প, গ্রাম উন্নয়ন, এক্সপোর্ট শো-রুম, সালিশ মিমাংসা, তথ্য সংগ্রহ, ব্র্যাক শিক্ষা কর্মসূচি, কম্পিউটার প্রশিক্ষণ, চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম চলমান। | ব্র্যাক শিক্ষা কর্মসূচি, সালিশ মিমাংসা, গ্রাম উন্নয়ন, তথ্য সংগ্রহ, ঋণ কার্যক্রম, হস্তশিল্প সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,৩,৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৬ | **ঢাকা আহছানিয়া মিশন:** সংস্থাটি এইচআইভি প্রতিরোধে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য একক ও দলীয় শিক্ষা প্রদান, আচরণ পরিবর্তন ও নিরাপদ যৌন আচরণ করার জন্য কনডম, লুব্রিকেন্ট ও বিসিসি উপকরণ বিতরণ, এইচআইভি পরীক্ষা ও কাউন্সিলিং করা, যৌন বাহিত রোগের চিকিৎসা ও সাধারণ রোগের চিকিৎসা, উপকারভোগীদের জীবনমান উন্নয়ন প্রশিক্ষণ প্রদান, শিক্ষামূলক বিনোদন ব্যবস্থা, বিভিন্ন স্টেক হোল্ডারদের সাথে অ্যাডভোকেসি সভা আয়োজন নিয়ে কার্যক্রম চলমান। | উপকারভোগীদের জীবনমান উন্নয়ন প্রশিক্ষণ প্রদান, শিক্ষামূলক বিনোদন ব্যবস্থা, কনডম, লুব্রিকেন্ট ও বিসিসি উপকরণ বিতরণ, এইচআইভি পরীক্ষা ও কাউন্সিলিং করা, যৌন বাহিত রোগের চিকিৎসা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫৭ | **এফএইচ এ্যাসোসিয়েশন:** সংস্থাটির শিক্ষা স্বাস্থ্য, হতদরিদ্র মানুষের জীবনমান উন্নয়ন নিয়ে কার্যক্রম চলমান। | শিক্ষা, স্বাস্থ্য এবং হতদরিদ্র মানুষের জীবনমান উন্নয়ন নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ১,২,৩,৪,৫ ও ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৮ | **রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশন (আর.আর.এফ) :** সংস্থাটি মাইক্রোফাইন্যান্স, কৃষি ঋণ প্রদান, শীত বস্ত্র প্রদান, ওয়াটার এ্যান্ড স্যানিটেশন ব্যবস্থায় সহায়তা, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনের বিভিন্ন উপকরণ প্রদান। এছাড়াও বিভিন্ন দিবস নিয়ে কার্যক্রম চলমান। | মাইক্রোফাইন্যান্স, ওয়াটার এ্যান্ড স্যানিটেশন ব্যবস্থায় সহায়তা, কৃষি ঋণ প্রদান, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনের বিভিন্ন উপকরণ বিতরণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৯ | **কাকন বহুমুখী উন্নয়ন সংস্থা (কাবিউস) :** সংস্থাটি ক্ষুদ্রঋণ কর্মসূচি, সামাজিক উন্নয়ন, প্রি-প্রাইমারী এডুকেশন প্রোগ্রাম, আদিবাসী ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে বিনামূল্যে ছাগল, ভেড়া, গাভী বিতরণ, ভালনারেবল উইমেন বেনিফিট, নিরাপদ পানি ও পয়:নিষ্কাশন কার্যক্রম চলমান | ক্ষুদ্রঋণ কর্মসূচি ভেড়া, গাভী বিতরণ, সামাজিক উন্নয়ন আদিবাসী ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে বিনামূল্যে ছাগল, প্রি-প্রাইমারী এডুকেশন প্রোগ্রাম, কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ১,২,৪,৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকল এনজিও'র সাফল্য কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




২৯-০৪-২০২৬
কাজী শহিদুল ইসলাম
জেলা প্রশাসক
ফোন : ০২৫৮৮৮৫৭০৫০
ফ্যাক্স : ০২৫৮৮৮৫৪৬৮৫
ইমেইল : dcrajshahi@mopa.gov.bd


**নম্বর:** ০৫.৪৩.৮১০০.০০০.০৩০.০৩.০০০১.২৫.৪৬

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-, ১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
৫। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।

১১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
১২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)................................., রাজশাহী।
১৩। ব্র্যাক জেলা সমন্বয়ক, ব্র্যাক লার্নিং সেন্টার, ভূগরইল, রাজশাহী (তাঁকে এই কার্যবিবরণী এনজিও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ সহ সকল এনজিও প্রতিনিধিকে কার্যবিবরণী প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো)।

২৯-০৪-২০২৬
কাজী শহিদুল ইসলাম
জেলা প্রশাসক